বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানি)

জনসংযোগ বিভাগ

**১৭ অক্টোবর ২০২৩ তারিখে অনুষ্ঠিত কোম্পানির ৮০তম মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।**

---

| | |
|---|---|
| সভাপতি | মোঃ আব্দুস সুলতান<br>ব্যবস্থাপনা পরিচালক |
| সভার তারিখ | **১৭ অক্টোবর ২০২৩** |
| সভার সময় | **সকাল ১০.০০ ঘটিকা** |
| স্থান | বোর্ড রুম, প্রধান কার্যালয়, বিজিএফসিএল, ব্রাহ্মণবাড়িয়া |
| উপস্থিতি | তালিকা সংযুক্ত |

সভার সভাপতি কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ আব্দুস সুলতান সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করেন। তিনি পূর্ববর্তী সমন্বয় সভার কার্যবিবরণী উপস্থাপনসহ সভা পরিচালনার জন্য কোম্পানি সচিব-কে অনুরোধ করেন। ব্যবস্থাপনা পরিচালক এবং সকল মহাব্যবস্থাপক, উপমহাব্যবস্থাপক, প্রকল্প পরিচালক ও ফিল্ড-ইনচার্জগণকে স্বাগত জানিয়ে কোম্পানি সচিব ৭৯তম সমন্বয় সভার সিদ্ধান্তসমূহসহ আলোচ্যসূচি পর্যায়ক্রমে সভায় উপস্থাপন করেন।

বিগত মাসিক সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতিসহ অন্যান্য বিষয়ে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম. | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ২.০। | অপারেশন ডিভিশন: | | | |
| ২.১। | কোম্পানির ভূমি ও Right of way-সমূহ সংরক্ষণ। | সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির ব্রাহ্মণবাড়িয়াস্থ Right of way তে নতুনভাবে কোনও সমস্যা পরিলক্ষিত হয়নি। প্রধান কার্যালয়-গোকর্ণঘাট এলাকার Right of way-র উপর বিদ্যমান স্থাপনা উচ্ছেদে সহযোগিতা চেয়ে ব্রাহ্মণবাড়িয়া জেলা প্রশাসনকে পত্র প্রদানের পাশাপাশি যোগাযোগ অব্যাহত আছে। এ অবস্থানে নতুনভাবে কিছু আরসিসি পিলার স্থাপনের জন্য বাজেটে অর্থের সংস্থান রাখা হয়েছে মর্মে উপমহাব্যবস্থাপক (পুরকৌশল) সভাকে অবহিত করেন। | • প্রধান কার্যালয়-গোকর্ণঘাট এলাকার Right of way-র উপর বিদ্যমান স্থাপনা উচ্ছেদে ব্রাহ্মণবাড়িয়া জেলা প্রশাসনের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br><br>• প্রধান কার্যালয় - গোকর্ণঘাট এলাকার Right of way-তে প্রয়োজনীয় সংখ্যক আরসিসি পিলার স্থাপন কাজ পুরকৌশল বিভাগ কর্তৃক দ্রুত সম্পাদন করতে হবে। | মহাব্যবস্থাপক (অপারেশন)/(প্রশাসন)/(টিএস) |

| | | | | |
|---|---|---|---|---|
| ২.২। | মেঘনা ফিল্ড সংলগ্ন কোম্পানির Right of way-র জমির মাপ-জোক। | সভাকে অবহিত করা হয় যে, মেঘনা ফিল্ড সংলগ্ন কোম্পানির Right of way-র জমির মাপ-জোক সম্পন্ন করে অস্থায়ী পিলার বসানো হয়েছে। এগুলো রিপ্লেস করে স্থায়ী পিলার বসানো যেতে পারে। উক্ত অবস্থানে ১১১টি পাবলিক স্থাপনা রয়েছে যেগুলো সরিয়ে নেয়ার জন্য তাদের তাগিদ দেয়া হয়েছে। তাছাড়া, মেঘনা ফিল্ডের ভূমিসমূহের সিএস থেকে বিএস রেকর্ড হালনাগাদ করা প্রয়োজন মর্মে সভাকে অবহিত করা হয়। | • মেঘনা ফিল্ড সংলগ্ন কোম্পানির Right of way-তে স্থাপিত অস্থায়ী পিলারগুলো রিপ্লেস করে স্থায়ী আরসিসি পিলার বসানোর ব্যবস্থা নিতে হবে।<br>• মেঘনা ফিল্ডের ভূমিসমূহের সিএস থেকে বিএস রেকর্ড হালনাগাদ করার কার্যক্রম সম্পর্কে নিয়মিতভাবে সভাকে অবহিত করতে হবে। | মহাব্যবস্থাপক (টিএস)/ ( অপারেশন) এবং উপমহাব্যবস্থাপক (এস্টেট) ও ফিল্ড ইনচার্জ |
| ২.৩। | কামতা ফিল্ডের প্রায় ২.৭ কিঃমিঃ দীর্ঘ Right of way এবং উলুখোলা বাজার সংলগ্ন কোম্পানির ভূমি দখলমুক্ত রাখা। | কামতা ফিল্ডের প্রায় ২.৭ কিঃমিঃ দীর্ঘ Right of way-র সার্ভে কার্যক্রমের জন্য সরকারী আমীন আসার সময়কাল নির্ধারণের প্রচেষ্টা চলছে। সহসা সরকারি আমীন এনে মাপ জোক সম্পাদন করা যাবে বলে আশা করা যাচ্ছে। আলোচনাকালে ব্যবস্থাপনা পরিচালক সভাকে অবহিত করেন যে, কামতা ফিল্ডের উন্নয়ন কূপ খননের প্রকল্পটি সরকার কর্তৃক অনুমোদিত হয়েছে। ফলে, কূপ খনন কার্যক্রম সম্পাদনের জন্য পিডি ও সংশ্লিষ্ট বিদেশীদের অফিস ও আবাসন, কর্মকর্তাসহ অন্যান্যদের ডরমিটরি, পরিষ্কার-পরিচ্ছন্নতা ও কর্মপরিবেশ যথোপযুক্ত করা প্রভৃতি বিষয়ে মহাব্যবস্থাপকগণের বিশেষ নজর দেওয়া প্রয়োজন মর্মে তিনি অভিমত ব্যক্ত করেন। | • কামতা ফিল্ডের Right of way-র সার্ভে কার্যক্রম সরকারী আমীন দ্বারা দ্রুত সম্পাদন করতে হবে।<br>• কামতা ফিল্ডের উন্নয়ন কূপ খনন কার্যক্রম সম্পাদনের জন্য পিডি ও সংশ্লিষ্ট বিদেশীদের অফিস ও আবাসন, কর্মকর্তাসহ অন্যান্যদের ডরমিটরি, পরিষ্কার-পরিচ্ছন্নতা ও কর্মপরিবেশ যথোপযুক্ত করা প্রভৃতি বিষয়ে মহাব্যবস্থাপকগণের সভায় আলোচনা করে প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>• কামতা ফিল্ডে থাকা তিতাস টিএন্ডডি-এর ভবনটি ভুতুড়ে আকার ধারণ করায় এটি দ্রুত পরিষ্কার-পরিচ্ছন্ন ও রংকরণের জন্য এমডি, টিজিটিডিএসএল বরাবর পত্র প্রেরণ করতে হবে। | সকল মহাব্যবস্থাপক এবং উপমহাব্যবস্থাপক (এস্টেট) ও সংশ্লিষ্ট কমিটি |
| ২.৪। | কোম্পানির নিজস্ব যানবাহনসমূহের জন্য প্রয়োজনীয় পেট্রোল ও ডিজেল সংগ্রহ। | সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির জন্য যমুনা অয়েল কোম্পানী লিঃ হতে পেট্রোল সংগ্রহ করা হয়েছে। আলোচনাকালে মহাব্যবস্থাপক (এমটিএন্ডআইসিটি) জ্বালানি তেলের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের লক্ষ্যে অধীনে থাকা গাড়ীর মাইলেজ নিয়মিত পর্যবেক্ষণের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রতি অনুরোধ জানান। | জ্বালানি তেলের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের লক্ষ্যে অধীনে থাকা গাড়ীর মাইলেজ সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে নিয়মিত পর্যবেক্ষণ করতে হবে এবং প্রয়োজনবোধে কোম্পানির সংশ্লিষ্ট কমিটির মাধ্যমে মাইলেজ নিরীক্ষা করতে হবে। | মহাব্যবস্থাপক (এমটিএন্ডআইসিটি)/ (প্রশাসন) এবং উপমহাব্যবস্থাপক (এসটিআইসি) |

| | | | | |
|---|---|---|---|---|
| ২.৫। | তিতাস-বি লোকেশনের মেইন গেইট এবং রেস্ট হাউজ এলাকার মধ্যবর্তী স্থানে সিসিটিভি স্থাপন। | সভাকে অবহিত করা হয় যে, তিতাস-বি মেইন গেইট থেকে রেস্ট হাউজ এলাকায় স্থাপনের জন্য ১০টি সিসিটিভি ক্রয়ের কার্যক্রম প্রক্রিয়াধীন আছে। তিতাস ফিল্ডে স্থাপিত ১৫৩টি সিসিটিভি-র ১২৩টি সচল আছে। ৩৬টি সিসিটিভি স্থাপন কাজ চলমান আছে যা আগামী ১/২ সপ্তাহের মধ্যে সম্পন্ন হবে। সিসিটিভি-র চাহিদা/ রক্ষণাবেক্ষণ সংক্রান্ত কার্যাদেশ নিরাপত্তা বিভাগ কর্তৃক আইসিটি বিভাগে প্রদান করা হচ্ছে। তবে, এতদ্‌সংক্রান্ত বাজেট খাত কোন বিভাগের আওতায় থাকবে তা সুনির্দিষ্ট হওয়া প্রয়োজন মর্মে সভার দৃষ্টি আকর্ষণ করা হয়। | • তিতাস-বি মেইন গেইট থেকে রেস্ট হাউজ এলাকা পর্যন্ত প্রয়োজনীয় সংখ্যক সিসিটিভি স্থাপন কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।<br>• সিসিটিভি-র ক্রয় ও রক্ষণাবেক্ষণ বাজেট খাত আইসিটি বিভাগের অধীন থাকবে। | মহাব্যবস্থাপক (অপারেশন)/ (এমটিএন্ডআইসিটি) এবং সংশ্লিষ্ট কমিটি ও সকল ফিল্ড ইনচার্জ |
| ২.৬। | তিতাস, হবিগঞ্জ, বাখরাবাদ ও ফেনী গ্যাস ফিল্ডের ফ্যাক্টরি লাইসেন্সসমূহ নবায়ন। | সভাকে অবহিত করা হয় যে, হবিগঞ্জ, বাখরাবাদ ও ফেনী গ্যাস ফিল্ডের ফ্যাক্টরি লাইসেন্সসমূহ ২০২৪ সাল পর্যন্ত নবায়ন হয়েছে। তিতাস ফিল্ডের লাইসেন্স ২০২৩ সাল পর্যন্ত নবায়ন হয়েছে এবং ২০২৪ সালের জন্য পুনরায় দাখিল করা হয়েছে। অন্যান্য ফিল্ড যথা: নরসিংদী, মেঘনা ও কামতা ফিল্ডের জন্য ফ্যাক্টরি লাইসেন্স সংগ্রহ করা যেতে পারে মর্মে সভায় অভিমত ব্যক্ত করা হয়। | • তিতাস ফিল্ডের ফ্যাক্টরি লাইসেন্স ২০২৪ সালের জন্য নবায়ন কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে।<br>• নরসিংদী ও মেঘনা ফিল্ডের জন্য ফ্যাক্টরি লাইসেন্স সংগ্রহের কার্যক্রম গ্রহণ করতে হবে। | মহাব্যবস্থাপক (অপারেশন) এবং সংশ্লিষ্ট ফিল্ড ইনচার্জ |
| ২.৭। | ফেণী ফিল্ডের আপডেট তথ্য সংগ্রহ করে সভায় অভিহিত করতে হবে। | ফেণী ফিল্ডের হস্তান্তর, উৎপাদন ও পরিচালন সংক্রান্ত যাবতীয় নথিজাত তথ্য সংগ্রহ করে জিএম (টিএস) ও ডিজিএম (এস্টেট) সভাকে অবহিত করেন। তাছাড়া, ডিজিএম (বাখরাবাদ) ফেণী ফিল্ড সরেজমিনে পরিদর্শন করে তার সংগৃহীত তথ্যাবলী সভাকে অবহিত করেন। আলোচনাকালে জিএম (অর্থ ও হিসাব) সভাকে আরও অবহিত করেন যে, একাউন্ট বুকস্-এ ফেণী ফিল্ডের সবকিছু বিজিএফসিএল-এর সম্পদ হিসাবে তালিকাভুক্ত আছে বিধায় কোম্পানির সম্পদ পুনমূল্যায়ন কাজে নিয়োজিত প্রতিষ্ঠান কর্তৃক ফিল্ডটি সরেজমিনে পরিদর্শন করতে হবে। | ফেণী গ্যাস ফিল্ড-কে বিজিএফসিএল-এর পরিচালনাধীনে আনার লক্ষ্যে পেট্রোবাংলা বরাবর পত্র প্রেরণ করতে হবে।<br><br>একাউন্ট বুকস্-এ ফেণী ফিল্ডের সবকিছু বিজিএফসিএল-এর সম্পদ হিসাবে তালিকাভুক্ত আছে বিধায় কোম্পানির চলমান সম্পদ পুনঃমূল্যায়ন কার্যক্রমে সার্বিক সহযোগিতা করার জন্য পেট্রোবাংলা বরাবর পত্র প্রেরণ করতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন)/(টিএস)/ (অর্থ ও হিসাব) উপমহাব্যবস্থাপক (বাখরাবাদ)/(হিসাব) / (এস্টেট) |
| ২.৮। | বাপেক্সের সালদা নদী গ্যাস ফিল্ডে থাকা বিজিএফসিএল-এর প্রসেস প্লান্টের ভাড়া আদায়। | মহাব্যবস্থাপক (সিজি) সভাকে অবহিত করেন যে, কোম্পানির ২টি গ্যাস প্রসেস প্লান্ট বাপেক্সের সালদা নদী গ্যাস ফিল্ডে রয়েছে যেগুলোর জন্য বাপেক্স কর্তৃক দৈনিক ভিত্তিক ভাড়া পরিশোধ করার সিদ্ধান্ত ছিল। এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে। | বাপেক্সের সালদা নদী গ্যাস ফিল্ডে থাকা কোম্পানির ২টি গ্যাস প্রসেস প্লান্টের বিষয়ে যাবতীয় তথ্য সংগ্রহ করে সভাকে অবহিত করতে হবে। | মহাব্যবস্থাপক (সিজি)/(পিডি)/(অর্থ ও হিসাব) |
| ২.৯। | নরসিংদী ফিল্ড : | | | |
| | নরসিংদী ফিল্ডের সম্মুখভাগে ভূমি অধিগ্রহণ হওয়ায় সেখানকার দালান-কোঠা অপসারণ। | উপমহাব্যবস্থাপক (নরসিংদী) সভাকে অবহিত করেন যে, নরসিংদী ফিল্ডের অধিগ্রহণতব্য ভূমির এক্যুইজিশন পেমেন্ট সহসাই পরিশোধ করা হবে মর্মে জানা গেছে । | নরসিংদী ফিল্ডের ভূমি অধিগ্রহণের এক্যুইজিশন পেমেন্ট প্রাপ্তি সাপেক্ষে দালান-কোঠা অপসারণের বিষয়টি বিবেচনা করা যেতে পারে। | মহাব্যবস্থাপক (অপারেশন) এবং সংশ্লিষ্ট ফিল্ড ইনচার্জ |

| | | | | |
|---|---|---|---|---|
| ২.১০। | গ্যাস ফ্লো মিটারিং ব্যবস্থা কম্পিউটারাইজড্ করার লক্ষ্যে ফ্লো-কম্পিউটার কার্যকরীকরণ/স্থাপন। | মহাব্যবস্থাপক (অপারেশন) পেট্রোবাংলার চেয়ারম্যান মহোদয়ের সদয় নির্দেশনার উল্লেখ করে কোম্পানির গ্যাস ফ্লো-এর মিটারিং ব্যবস্থা কম্পিউটারাইজড্ করার পদক্ষেপ গ্রহণ বিশেষ গুরুত্বপূর্ণ মর্মে সভাকে অবহিত করেন। | পর্যায়ক্রমে এবং অগ্রাধিকার বিবেচিত স্থাপনাসমূহের গ্যাস ফ্লো-এর মিটারিং ব্যবস্থা কম্পিউটারাইজড্ করার লক্ষ্যে জরুরি ভিত্তিতে সকল ফিল্ডে ফ্লো-কম্পিউটার কার্যকরী/স্থাপন করতে হবে। | মহাব্যবস্থাপক (অপারেশন) এবং সংশ্লিষ্ট ফিল্ড ইনচার্জ |
| ৩.০। | পরিকল্পনা ও উন্নয়ন ডিভিশন : | | | |
| ৩.১। | চলমান উন্নয়ন প্রকল্পসমূহ। | সভাকে অবহিত করা হয় যে, চলমান ২টি প্রকল্পের মধ্যে তিতাস-এ তে ওয়েলহেড কম্প্রেসর স্থাপন শেষে যৌথ অপারেশন চলছে। উক্ত প্রকল্পের ২য় সংশোধিত ডিপিপি (বাস্তবায়ন মেয়াদ বৃদ্ধিসহ) অনুমোদনের জন্য পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে যা ডিসেম্বর, ২৩ এর মধ্যে অনুমোদন প্রয়োজন। | তিতাস-এ তে ওয়েলহেড কম্প্রেসর স্থাপন প্রকল্পের ২য় সংশোধিত ডিপিপি পরিকল্পনা কমিশন কর্তৃক ডিসেম্বর, ২৩ এর মধ্যে অনুমোদনের লক্ষ্যে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | মহাব্যবস্থাপক (পিডি) এবং সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |
| | | তিতাস-ই এবং জি তে ওয়েলহেড কম্প্রেসর স্থাপন প্রকল্পের আওতায় ইপিসি ঠিকাদারের অনুকূলে ঋণপত্র স্থাপন কার্যক্রম প্রক্রিয়াধীন আছে। | তিতাস-ই এবং জি তে ওয়েলহেড কম্প্রেসর স্থাপন প্রকল্পের আওতায় ইপিসি ঠিকাদারের অনুকূলে ঋণপত্র স্থাপন কার্যক্রম শথাশীঘ্র সম্পন্ন করতে হবে। | |
| ৩.২। | প্রস্তাবিত উন্নয়ন প্রকল্পসমূহ। | সভাকে অবহিত করা হয় যে, প্রস্তাবিত ৪টি প্রকল্পের মধ্যে:<br><br>হবিগঞ্জ, বাখরাবাদ ও মেঘনা ফিল্ডে ৩-ডি সাইসমিক জরিপ প্রকল্পের নিজস্ব অর্থায়ন অংশের আর্থিক ছাড়পত্র সংগ্রহের লক্ষ্যে প্রয়োজনীয় তথ্যাদিসহ ডিপিপি নভেম্বর, ২৩ মাসের ২য় সপ্তাহ নাগাদ পেট্রোবাংলায় প্রেরণ করা হবে। পাশাপাশি, এ প্রকল্পের জন্য পরিবেশগত ছাড়পত্র সংগ্রহ করা হচ্ছে। এছাড়া, ৩-ডি ডিজাইন, কোয়ালিটি কন্ট্রোল এবং সাইসমিক ইন্টারপ্রিটেশন ক্যাটাগরিতে Local Consultant (individual) এর জন্য EOI এবং RFA প্রণয়নের কাজ চলছে। ডিপিপি অনুমোদন প্রাপ্তির পর বাপেক্স-এর সাথে চুক্তি স্বাক্ষরকরত প্রকল্পের বাস্তব কাজ শুরু করা হবে। | হবিগঞ্জ, বাখরাবাদ ও মেঘনা ফিল্ডে ৩-ডি সাইসমিক জরিপ প্রকল্পের ডিপিপি অনুযায়ী কোম্পানির নিজস্ব অর্থায়ন অংশের আর্থিক ছাড়পত্র সংগ্রহের বিষয়ে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | মহাব্যবস্থাপক (পিডি) এবং সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |
| | | তিতাস, হবিগঞ্জ, বাখরাবাদ ও মেঘনা ফিল্ডে ৭টি কূপ ওয়ার্কওভার প্রকল্পের ডিপিপি বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের অনুমোদনাধীন আছে। | ৭টি কূপ ওয়ার্কওভার প্রকল্পের ডিপিপি বিজ্ঞাখস মন্ত্রণালয়ের অনুমোদন প্রাপ্তির বিষয়ে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | |
| | | তিতাস ও কামতা ফিল্ডে ৪টি মূল্যায়ন-কাম-উন্নয়ন কূপ খনন প্রকল্পের আর্থিক ছাড়পত্র সংগ্রহের লক্ষ্যে ডিপিপি পেট্রোবাংলার মাধ্যমে ২-১০-২০২৩ তারিখে বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। | তিতাস ও কামতা ফিল্ডে ৪টি মূল্যায়ন-কাম-উন্নয়ন কূপ খনন প্রকল্পের ডিপিপি-র আর্থিক ছাড়পত্র বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় হতে সংগ্রহ এবং তদ্‌পরবর্তীতে অর্থ মন্ত্রণালয়ের অনুমোদন প্রাপ্তির বিষয়ে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | |
| | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| | | তিতাস ও বাখরাবাদ ফিল্ডে ২টি গভীর অনুসন্ধান কূপ খনন প্রকল্পের ডিপিপি পেট্রোবাংলার বোর্ড সভায় অনুমোদনের প্রক্রিয়াধীন আছে। | ২টি গভীর অনুসন্ধান কূপ খনন প্রকল্পের ডিপিপি পেট্রোবাংলার বোর্ড সভায় অনুমোদনের পর পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। | |
| ৩.৩। | তিতাস-১৪নং কূপের ওয়ার্কওভার। | তিতাস-১৪নং কূপের ওয়ার্কওভার শুরুর লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম চলমান আছে। | তিতাস-১৪নং কূপের ওয়ার্কওভার যথাশীঘ্র শুরু করতে হবে। | মহাব্যবস্থাপক (পিডি) এবং সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |
| ৩.৪। | তিতাস-জি লোকেশনে ETP স্থাপন কার্যক্রম। | সভাকে অবহিত করা হয় যে, ETP এর মাধ্যমে পরিশোধিত পানির মান বুয়েটের পরীক্ষায় পরিবেশ অধিদপ্তরের নির্ধারিত মানে আনার জন্য স্থাপিত ETP প্ল্যান্টটির আরও কিছু মডিফিকেশন কাজ সম্পাদন করা হয়েছে। বুয়েট ল্যাবে পরিশোধিত পানির পরবর্তী পরীক্ষার পর ETP স্থাপন সম্পন্ন হবে। আলোচনাকালে উপমহাব্যবস্থাপক (বাখরাবাদ) সভাকে অবহিত করেন যে, বাখরাবাদ ফিল্ডের ECC নবায়ন বিষয়ে পরিবেশ অধিদপ্তরের শুনানিকালে ফিল্ডে অতি দ্রুত ETP স্থাপনের প্রতিশ্রুতি প্রদান করা হয়। ফলে, এ বিষয়ে দ্রুত ব্যবস্থা গ্রহণ প্রয়োজন। | • তিতাস-জি লোকেশনে ETP স্থাপনের কার্যক্রম সুষ্ঠু ও যথাযথভাবে সম্পন্ন করতে হবে।<br>• পরবর্তী পর্বে বাখরাবাদ ফিল্ডে ETP স্থাপনের কার্যক্রম গ্রহণ করতে হবে। | মহাব্যবস্থাপক (অপারেশন)/(পিডি) এবং উপমহাব্যবস্থাপক (সিভিল)/ (ইএস) |
| ৩.৫। | পরিবেশ ছাড়পত্র বা Environmental Clearance Certificate (ECC) নবায়ন। | সভাকে অবহিত করা হয় যে, বাখরাবাদ, নরসিংদী ও মেঘনা ফিল্ডের ECC নবায়ন সম্পন্ন হয়েছে। হবিগঞ্জ ও তিতাস ফিল্ডের ECC নবায়ন কাজ চলমান আছে। | হবিগঞ্জ ও তিতাস ফিল্ডের ECC নবায়ন কার্যক্রম ইএস বিভাগ কর্তৃক দ্রুত সম্পন্ন করতে হবে। | মহাব্যবস্থাপক (পিডি)/ (অপারেশন) এবং উপমহাব্যবস্থাপক (ইএস) ও সংশ্লিষ্ট ফিল্ড ইনচার্জ |
| ৩.৬। | ফিল্ডসমূহের জন্য Fire License সংগ্রহ। | সভাকে অবহিত করা হয় যে, Fire License সংগ্রহের ক্ষেত্রে Fire Plan প্রণয়ন, অনুমোদন এবং বাস্তবায়নের পর লাইসেন্সের জন্য আবেদন করতে হয়। এ প্রেক্ষাপটে তিতাস, হবিগঞ্জ, বাখরাবাদ, নরসিংদী ও মেঘনা ফিল্ডের Fire Plan প্রণয়নের জন্য প্রফেশনাল প্রতিষ্ঠান নিয়োজিত করার লক্ষ্যে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স-এর এনলিস্টেট প্রতিষ্ঠানের তালিকা চেয়ে তিতাস ফিল্ড হতে পত্র প্রেরণ করা হয়েছে। | তিতাস, হবিগঞ্জ, বাখরাবাদ, নরসিংদী ও মেঘনা ফিল্ডের Fire Plan প্রণয়নের জন্য প্রফেশনাল প্রতিষ্ঠান নিয়োজিত করার লক্ষ্যে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স-এর এনলিস্টেট প্রতিষ্ঠানের তালিকার বিষয়ে যোগাযোগ করতে হবে। | মহাব্যবস্থাপক (অপারেশন) এবং উপমহাব্যবস্থাপক (তিতাস) ও সকল ফিল্ড ইনচার্জ |
| ৩.৭। | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি: | | | |
| | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি APA এর ২০২৩-২০২৪ অর্থবছরের লক্ষ্যমাত্রা অর্জন। | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি APA এর ২০২৩-২০২৪ অর্থবছরের লক্ষ্যমাত্রার শতভাগ (১০০%) অর্জনে কোম্পানির ডিভিশন ও বিভাগসমূহ সচেষ্ট আছে। APA এর আওতাধীন NIS, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন, GRS, সেবা প্রদান প্রতিশ্রুতি, RTI প্রভৃতির কর্মপরিকল্পনা বাস্তবায়নে সকলের সার্বিক সহযোগিতা চাওয়া হয়। | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি APA এর ২০২৩-২০২৪ অর্থবছরের লক্ষ্যমাত্রার শতভাগ (১০০%) অর্জনে সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট হতে হবে। | মহাব্যবস্থাপক (সিজি) এবং সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩.৮। | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন (Innovation) কার্যক্রম। | সভাকে অবহিত করা হয় যে, APA এর অধীন উদ্ভাবন কর্মপরিকল্পনার আওতায় গৃহীত পদক্ষেপসমূহ কার্যকর রাখার বাধ্যবাধকতা আছে। ফলে, উদ্ভাবনী কমিটি কর্তৃক স্থাপিত ওয়েববেইজড্ ইন্টারনাল ওয়ার্কওর্ডার সফট্ওয়্যারটির মাধ্যমে সকল প্রকার অভ্যন্তরীণ কাজের নির্দেশপত্র প্রেরণের বিষয়টি নিশ্চিত করা প্রয়োজন। | ওয়েববেইজড্ ইন্টারনাল ওয়ার্কওর্ডার সফট্ওয়্যারটির মাধ্যমে সকল প্রকার অভ্যন্তরীণ কাজের নির্দেশপত্র প্রেরণ করতে হবে।<br><br>উক্ত সফট্ওয়্যারটির লিংক সংক্রান্ত নোটিশ পুনরায় জারি করতে হবে। | মহাব্যবস্থাপক (সিজি) এবং সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ৪.০। | রক্ষণাবেক্ষণ ও আইসিটি ডিভিশন : | | | |
| ৪.১। | ডাটা সেন্টার/সার্ভার তৈরি। | সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির ওয়েব ক্লাউড, কাস্টমাইজড সফটওয়্যারসমূহ, অভ্যন্তরীণ ডাটা শেয়ার প্রভৃতি বিষয়াবলীর সু-সমন্বয়ে একটি কার্যকর ডাটা সেন্টার/সার্ভার প্রণয়নের খসড়া প্রস্তাবনা বিষয়ে গঠিত কমিটির কার্যক্রম চলমান আছে। | কোম্পানির ওয়েব ক্লাউড, কাস্টমাইজড সফটওয়্যারসমূহ, অভ্যন্তরীণ ডাটা শেয়ার প্রভৃতি বিষয়াবলীর সু-সমন্বয়ে একটি কার্যকর ডাটা সেন্টার/সার্ভার প্রণয়নের খসড়া প্রস্তাবনা পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | মহাব্যবস্থাপক (এমটিএন্ডআইসিটি)এব ং<br>সংশ্লিষ্ট কমিটি |
| ৪.২। | কোম্পানির অকেজো/ ব্যবহার অযোগ্য মালামাল অবলোপন/ অপসারণ। | কোম্পানির অকেজো/ ব্যবহার অযোগ্য মালামাল অবলোপন/ অপসারণ সংশ্লিষ্ট ৩টি কমিটির কার্যক্রম চলমান আছে। | কোম্পানির অকেজো/ ব্যবহার অযোগ্য মালামাল অবলোপন/ অপসারণ সংশ্লিষ্ট কমিটিসমূহের প্রতিবেদন পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | মহাব্যবস্থাপক (এমটিএন্ডআইসিটি/ (প্রশাসন)/(টিএস)/ (অর্থ ও হিসাব) |
| ৪.৩। | কোম্পানির স্ক্র্যাপ মালামাল অপসারণ। | কোম্পানির বিভিন্ন ফিল্ডের স্ক্র্যাপ মালামাল অপসারণ করে পরিষ্কার-পরিচ্ছন্নকরণ এবং সংশ্লিষ্ট স্থানসমূহ ব্যবহার উপযোগী করা প্রয়োজন মর্মে সভাকে অবহিত করা হয়। | কোম্পানির বিভিন্ন ফিল্ডের স্ক্র্যাপ মালামাল অপসারণ করে পরিষ্কার-পরিচ্ছন্নকরণ এবং সংশ্লিষ্ট স্থানসমূহ ব্যবহার উপযোগী করার লক্ষ্যে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহাব্যবস্থাপক (এমটিএন্ডআইসিটি/ (প্রশাসন)/(টিএস)/ (অর্থ ও হিসাব) |
| ৫.০। | টেকনিক্যাল সার্ভিসেস ডিভিশন: | | | |
| ৫.১। | কোম্পানির ভূ-সম্পত্তির এসএ এবং বিএস রেকর্ড। | উপমহাব্যবস্থাপক (এস্টেট) সভাকে অবহিত করেন যে, কোম্পানির ভূ-সম্পত্তির সিএস/এসএ রেকর্ড এবং বিএস রেকর্ড যথাযথ করার জন্য মিস-কেস করাসহ বিভিন্ন কার্যক্রম সম্পাদনের প্রয়োজনীয়তা পরিলক্ষিত হচ্ছে। | কোম্পানির ভূ-সম্পত্তির সিএস/ এসএ রেকর্ড এবং বিএস রেকর্ড যথাযথ করার জন্য মিস-কেস করাসহ প্রয়োজনীয় যে কোন কার্যব্যবস্থা গ্রহণ করতে হবে এবং আপডেট তথ্য-উপাত্ত কর্তৃপক্ষ বরাবর নিয়মিতভাবে পেশ করতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন)/(টিএস) ও উপমহাব্যবস্থাপক (বাখরাবাদ)/ এস্টেট |
| ৬.০। | প্রশাসন ডিভিশন: | | | |
| ৬.১। | কোম্পানির সার্ভিস রেকর্ড সফটওয়্যারে তথ্য-উপাত্ত যথাযথভাবে সংরক্ষণের ব্যবস্থা গ্রহণ। | কোম্পানির সার্ভিস রেকর্ড সফটওয়্যারে নিজ নিজ তথ্য-উপাত্ত দেখে কোনরূপ পরিবর্তন/সংশোধনের প্রয়োজন হলে সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক সেটি/সেগুলো স্ব স্ব ডিভিশনের মাধ্যমে লিখিতভাবে প্রশাসন বিভাগকে জানাতে হবে। | কোম্পানির সার্ভিস রেকর্ড সফটওয়্যারে নিজ নিজ তথ্য-উপাত্তের কোনরূপ পরিবর্তন/ সংশোধনের প্রয়োজন হলে এ বিষয়ে লিখিত আবেদন ডিভিশনাল প্রধানের মাধ্যমে প্রশাসন বিভাগকে জানাতে হবে। | সকল মহাব্যবস্থাপক এবং উপমহাব্যবস্থাপক (প্রশাসন)/ (সংস্থাপন) |
| ৬.২। | কোম্পানির আর্থিক ও প্রশাসনিক ক্ষমতার সারণির পরিবর্তন/ সংশোধন প্রস্তাবনা মহাব্যবস্থাপকগণের সভায় উপস্থাপন। | কোম্পানির বিদ্যমান আর্থিক ও প্রশাসনিক ক্ষমতার সারণির পরিবর্তন/ পরিবর্ধন/ সংযোজনের প্রস্তাব প্রণয়ন করে কমিটি কর্তৃক অক্টোবর ২০২৩ মাসের মধ্যে মহাব্যবস্থাপকগণের সভায় উপস্থাপন করতে হবে। | কোম্পানির বিদ্যমান আর্থিক ও প্রশাসনিক ক্ষমতার সারণির পরিবর্তন/ পরিবর্ধন/ সংযোজনের প্রস্তাব কমিটি কর্তৃক অক্টোবর ২০২৩ মাসের মধ্যে মহাব্যবস্থাপকগণের সভায় উপস্থাপন করতে হবে। | মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব)/(প্রশাসন) ও সংশ্লিষ্ট কমিটি |

| | | | | |
|---|---|---|---|---|
| ৬.৩। | কম্পিউটার সংগ্রহ। | সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির কাজের স্বার্থে বিভিন্ন ডিভিশন/বিভাগ/শাখা হতে কম্পিউটারের প্রয়োজনীয়তা পরিলক্ষিত হচ্ছে। | বাজেট অনুমোদন সাপেক্ষে এবং আইসিটি বিভাগের অবগতিক্রমে যাচিত সংখ্যক কম্পিউটার (এক্সেসরিজসহ) সংগ্রহ করা যেতে পারে। | সকল মহাব্যবস্থাপক |
| ৬.৪। | কোম্পানি প্রদত্ত শিক্ষামূলক বৃত্তির পরিমাণ বৃদ্ধির প্রস্তাবনা পরিচালনা পর্ষদ সভায় উপস্থাপন । | কোম্পানি প্রদত্ত শিক্ষামূলক বৃত্তির পরিমাণ বৃদ্ধির বিষয়টি পরিচালনা পর্ষদ সভায় উপস্থাপন করা হবে। | কোম্পানি প্রদত্ত শিক্ষামূলক বৃত্তির পরিমাণ বৃদ্ধির প্রস্তাবনা পরিচালনা পর্ষদ সভায় উপস্থাপন করতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন) |
| ৬.৫। | ডি-নথি অপারেটিং বিষয়ে প্রশিক্ষণের আয়োজন। | গত ১৭-৪-২০২৩ তারিখ হতে কোম্পানিতে ডি-নথি চালু করা হয়েছে। | ডি-নথি অপারেটিং বিষয়ে প্রশিক্ষণের আয়োজন করতে হবে। | মহাব্যবস্থাপক ( প্রশাসন) ও উপমহাব্যবস্থাপক (আইসিটি) |
| ৬.৬। | নিরাপত্তা বিভাগ : | | | |
| | কোম্পানিতে নিরাপত্তা ব্যবস্থা জোরদার রাখা। | কোম্পানির নিরাপত্তা ব্যবস্থা জোরদার করার স্বার্থে কোম্পানির কেন্দ্রীয় নিরাপত্তা কমিটির সভা অনুষ্ঠান এবং পরিদর্শন কার্যক্রম প্রতিমাসে সম্পাদন প্রয়োজন। | কোম্পানিতে নিরাপত্তা ব্যবস্থা জোরদার রাখতে অধিক তৎপর এবং সচেষ্ট হতে হবে।<br><br>কোম্পানির কেন্দ্রীয় নিরাপত্তা কমিটির সভা এবং পরিদর্শন কার্যক্রম নিয়মিতভাবে সম্পাদন করতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন) ও উপমহাব্যবস্থাপক (নিরাপত্তা) |
| ৬.৭। | মেডিক্যাল বিভাগ : | | | |
| | কোম্পানির চিকিৎসকগণ কর্তৃক যথাযথ চিকিৎসা সেবা প্রদান এবং বাজেট সীমার মধ্যে চিকিৎসা ব্যয় নিয়ন্ত্রণ। | বাজেট সীমার মধ্যে চিকিৎসা ব্যয় নিয়ন্ত্রণে প্রচেষ্টা অব্যাহত আছে।<br><br>বর্তমানে ডেঙ্গুর প্রাদুর্ভাব দেখা দেয়ায় সচেতনতা এবং প্রতিরোধ কার্যক্রম জোরদার করার বিষয়ে কোম্পানির অ্যাসিসটেন্ট চিফ মেডিক্যাল অফিসার সভায় অভিমত দেন। | বাজেট সীমার মধ্যে চিকিৎসা ব্যয় নিয়ন্ত্রণে সকলকে সার্বিক সহযোগিতা করতে হবে।<br><br>মশক নিধন কার্যক্রমের জন্য ফিল্ডসমূহ বাজেটে অর্থের সংস্থান রেখে ফগার মেশিন ক্রয় করতে পারে। | সকল মহাব্যবস্থাপক ও সকল উপমহাব্যবস্থাপক এবং সংশ্লিষ্ট কমিটি |
| ৭.০। | আর্থিক ও হিসাব কার্যক্রম : | | | |
| ৭.১। | সকল প্রকার ব্যয় সংকোচন এবং বাজেট সীমার মধ্যে ব্যয় পরিচালন ও নিয়ন্ত্রণে প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণ। | কোম্পানির অপারেশনাল ব্যয় বিশেষ করে অধিকাল ভাতা, মুদ্রণ ও মনোহারী, যাতায়াত খরচ, আপ্যায়ন ব্যয়, যানবাহন ভাড়া ও মেরামত ব্যয়, পিওএল (জ্বালানি ব্যয়), টিএ/ডিএ ইত্যাদি খাতের ব্যয় বাজেট সীমার মধ্যে পরিচালন ও নিয়ন্ত্রণে বিশেষ গুরুত্বারোপ প্রয়োজন। | বাজেট সীমার মধ্যে অপারেশনাল ব্যয় পরিচালন ও নিয়ন্ত্রণে সকলকে সার্বিক সহযোগিতা করতে হবে। | সকল মহাব্যবস্থাপক/ উপমহাব্যবস্থাপক/ ফিল্ড ইনচার্জ |

পরিশেষে সভাপতি ধৈর্য ধরে সভায় অংশগ্রহণের জন্য সকল কর্মকর্তার প্রতি ধন্যবাদ জ্ঞাপন করেন এবং উপস্থাপিত বিষয়াবলীর প্রতি আন্তরিক কর্মপ্রচেষ্টা প্রত্যাশা করেন। সকলের সম্মিলিত প্রয়াসে কোম্পানির উন্নয়ন ও অগ্রগতি অব্যাহত থাকবে- এ আশাবাদ ব্যক্ত করে সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

তারিখ, ব্রাহ্মণবাড়িয়া
০১ কার্তিক, ১৪৩০
১৭ অক্টোবর, ২০২৩

১৯-১১-২০২৩
মোঃ আব্দুস সুলতান
ব্যবস্থাপনা পরিচালক

তারিখ: ৪ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
১৯ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

**নম্বর:** ২৮.১০.১২১৩.৮৭৬.৪২.০০১.২৩.১৪৩

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পরিচালক (অপারেশন এন্ড মাইন্স), অপারেশন ও মাইন্স পরিদপ্তর, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা);
২। সচিব, সাচিবিক বিভাগ, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা);
৩। সকল মহাব্যবস্থাপক, বিজিএফসিএল;
৪। সকল উপ-মহাব্যবস্থাপক/প্রকল্প পরিচালক, বিজিএফসিএল;
৫। ব্যবস্থাপক (জিও), জিওলজিক্যাল শাখা, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড;
৬। ব্যবস্থাপক(উন্নয়ন) ও প্রকল্প সমন্বয়ক, উন্নয়ন শাখা, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড;
৭। ব্যবস্থাপক (মেঘনা), মেঘনা ফিল্ড , বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড;
৮। ব্যবস্থাপক (সমন্বয়) (অতিরিক্ত দায়িত্ব), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর , বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড এবং
৯। ফিল্ড ইনচার্জ, কামতা ফিল্ড , বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড।

১৯-১১-২০২৩
মোঃ হাবীবুর রহমান
কোম্পানী সচিব/মহাব্যবস্থাপক